যুগান্তর

তারিখ 31 DEC 2015
পৃষ্ঠা ১ কলাম ১

# প্রশ্নবিদ্ধ ভোট : ইসির ভরাডুবি

## নিহত ১ আহত তিন শতাধিক : গুলি বোমা টিয়ার শেল অগ্নিসংযোগ : প্রত্যাহার-স্থগিত



…ল কেন্দ্রে নৌকা মার্কায় সিল মারছেন বহিরাগতরা। বুধবার দুপুর ১টা ৫ মিনিটে তোলা ছবি আনোয়ার হোসেন জয়





মুন্সীগঞ্জ পৌরসভায় আওয়ামী লীগ মেয়র প্রার্থী বিপ্লব ও কাউন্সিলর মকবুল হোসেনের সমর্থকদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার সময় পিস্তল হাতে এক যুবক (ওপরে গোল চিহ্নিত), সাতকানিয়ায় সন্ত্রাসীদের গুলিতে নিহত নুরুল আমিন যুগান্তর

**যুগান্তর রিপোর্ট**

নির্বাচন কমিশনের আশাবাদ সত্ত্বেও দলীয় প্রতীকে অনুষ্ঠিত প্রথম স্থানীয় সরকার নির্বাচনে প্রাণহানি এড়ানো যায়নি। চট্টগ্রামের সাতকানিয়ায় প্রাণ গেছে একজনের। বিভিন্ন স্থানে আহত হয়েছেন তিন শতাধিক। ভোট বর্জন এবং কেন্দ্র স্থগিত করেছে ইসি। সংঘর্ষ, গুলি, বোমা বিস্ফোরণ, ভাঙচুর, টিয়ার শেল নিক্ষেপ, কেন্দ্র দখল, ব্যালট বাক্স ছিনতাই, জাল ভোট ও এজেন্টদের কেন্দ্র থেকে বিতাড়নের ঘটনা ঘটেছে। এ অবস্থায় বুধবার অনুষ্ঠিত নির্বাচন শেষে রাত ১টা ৩০ মিনিট পর্যন্ত ২২৬ মেয়র পদের ২২০টির ফল পাওয়া গেছে। এর মধ্যে আওয়ামী লীগ ১৭০, বিএনপি ২৩, জাতীয় পার্টি ১, জামায়াতে ইসলামী ১, বিদ্রোহী ও স্বতন্ত্র ২৫ জন মেয়র পদে জয় লাভ করে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। আওয়ামী লীগের সাতজন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ায় ক্ষমতাসীন দলের বিজয়ী মেয়রের সংখ্যা দাঁড়িয়েছে ১৭৭-এ। গতকাল ২৩৪টিতে ভোট শুরু হলেও শেষ পর্যন্ত মেয়র পদে ২২৬ এবং কাউন্সিলর পদে ২৩৩ পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মেয়র ও কাউন্সিলর পদে ৩ হাজার ৫৪৩টি কেন্দ্রে ভোট হয়। ৬টি পৌরসভার ফল স্থগিত করা হয়েছে। মেয়র পদে ৯৩৮ প্রার্থী এবং সাধারণ কাউন্সিলর পদে ৮৬৫২ এবং সংরক্ষিত কাউন্সিলর (নারী) পদে ২৪৪০ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এর আগে ৭টি পৌরসভায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় আওয়ামী লীগের সাত প্রার্থী মেয়র নির্বাচিত হন। এছাড়া বিভিন্ন পৌরসভায় সাধারণ কাউন্সিলর পদে ৯৪ এবং সংরক্ষিত কাউন্সিলর পদে ৪০ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। গতকাল সংঘর্ষের কারণে নরসিংদীর মাধবদী পৌরসভার ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন। এদিকে অনিয়মের অভিযোগে পুলিশের ৫ কর্মকর্তা এবং এনএসআইর এক সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এদিকে বুধবার ভোট চলার সময় বিভিন্ন স্থানে সংঘর্ষ হয়। এতে ২৩৪টি পৌরসভার ৫০টি কেন্দ্রে ভোট গ্রহণ স্থগিত করা হয়। ৩২ মেয়র প্রার্থী ভোট ভরাডুবি : পৃষ্ঠা ১৪ : কলাম ৬

● রিটার্নিং কর্মকর্তাদের গোপন প্রতিবেদন : পৃষ্ঠা ১১
● আলোকচিত্রে পৌর নির্বাচন : পৃষ্ঠা ১০-১১




মেয়র পদ ২৩৪ : (বিনা প্রতিদ্বন্দ্বিতায় আ'লীগের ৭ জন নির্বাচিত)

ভোট গ্রহণ : ২২৬ | প্রাপ্ত ফল : ২২০

| | |
|---|---|
| আ'লীগ | ১৭০ + ৭ |
| বিএনপি | ২৩ |
| জাপা | ১ |
| অন্যান্য | ২৬ |
| ফল প্রকাশ স্থগিত | ৬ পৌরসভায় |
| বাতিল | ১ পৌরসভা |